BALID
ESTD. 1986

# ইনফরমেটিক্স্

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতির মুখপত্র

সেপ্টেম্বর ২০১৫ – এপ্রিল ২০১৮

## সুনাগরিক গঠন ও সন্ত্রাসবাদ রোধে গ্রন্থাগার পেশাজীবীদের করণীয় শীর্ষক গোলটেবিল আলোচনা




প্রধান অতিথি ডেপুটি স্পিকার এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বি মিয়া ও বিশেষ অতিথি বেগম আখতার জাহান এমপি সহ আলোচকবৃন্দ

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) গত ০৩ সেপ্টেম্বর ২০১৬ জাতীয় প্রেসক্লাবের ভি আই পি লাউঞ্জে 'সুনাগরিক গঠন ও সন্ত্রাসবাদ রোধে গ্রন্থাগার পেশাজীবীদের করণীয়' শীর্ষক গোলটেবিল আলোচনার আয়োজন করে। বেলিডের চেয়ারম্যান ড. মোঃ মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে ও সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন ডেপুটি স্পিকার এবং বাংলাদেশ জাতীয় সংসদ লাইব্রেরি কমিটির সভাপতি এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বি মিয়া। বিশেষ অতিথি ছিলেন বেগম আখতার জাহান এমপি ও সদস্য, অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। এ ছাড়াও সম্মানিত আলোচকবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ পিকেএসএফ-এর চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জামান আহমদ, তত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এ্যাডভোকেট সুলতানা কামাল, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস-এর প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. নাজমুল আহসান কলিমউল্লাহ, গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক আশীষ কুমার সরকার ও দৈনিক প্রথম আলো পত্রিকার যুগ্ম-সম্পাদক মিজানুর রহমান খান। সভায় মুক্তিযুদ্ধ যাদুঘরের ট্রাস্টি মফিদুল ইসলামের লিখিত বক্তব্য পাঠ করে শুনান প্রধানমন্ত্রীর কার্যালয়ের লাইব্রেরিয়ান মনিরুল ইসলাম। বেলিডের মহাসচিব শশাংক কুমার সিংহের স্বাগত বক্তব্যের মাধ্যমে শুরু হওয়া এ আলোচনা সভায় দেশের বিপুল সংখ্যক গ্রন্থাগার পেশাজীবী ও গ্রন্থাগার বিজ্ঞানের শিক্ষক উপস্থিত ছিলেন।

সভার প্রধান অতিথি ডেপুটি স্পিকার বলেন, গ্রন্থাগারে পড়ার ভালো পরিবেশ লাগে তাই দেশের গ্রন্থাগার সমূহকে তথ্যসমৃদ্ধ ও আকর্ষণীয় করতে হবে। তিনি বলেন জাতীয় সংসদ গ্রন্থাগারে বঙ্গবন্ধু, সোহরাওয়ার্দী ও ভাসানী চেয়ার প্রতিষ্ঠা করা হবে। সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ এখন একটি সামাজিক সমস্যা। মুক্তিযুদ্ধের চেতনায় বাংলাদেশ গড়ার মধ্যে দিয়ে সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ সমাজ থেকে দূর করতে হবে। এ ব্যাপারে গ্রন্থাগার পেশাজীবীদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন দেরিতে হলেও সামাজিক সন্ত্রাসবাদ বিরোধী এমন একটি চমৎকার উদ্যোগ নেয়ার জন্য বেলিডকে সাধুবাদ জানাই।

বিশেষ অতিথি বেগম আখতার জাহান এমপি বলেন, গ্রন্থাগারিকগণ গ্রন্থাগার কমিটির মাধ্যমে বই নির্বাচন করেন এবং তা সংগ্রহ করে থাকেন। এখন কমিটিকে আরো সতর্কতার সাথে বই নির্বাচন করতে হবে যাতে বই পাঠ করে কেউ নৈতিক অবক্ষয় ও সমাজ বিরোধী কর্মকান্ডে জড়িয়ে না পড়ে। শিশু পাঠকক্ষ গুলোতে নীতি-নৈতিকতার বই রাখতে হবে এবং শিক্ষকদের এ ব্যাপারে পাঠদান করতে হবে যাতে শিশুরা সুনাগরিক হিসেবে গড়ে উঠে।

ড. কাজী খলীকুজ্জমান বলেন, গ্রন্থাগারে কী ধরনের বই থাকবে সেটা সুচিন্তার মাধ্যমে ঠিক করতে হবে। গ্রন্থাগারে এমন কোন বই রাখা উচিত হবে না যা সমাজে অস্থিরতা ও সন্ত্রাস সৃষ্টি করে। তবে গবেষণার উৎকৃষ্টতম স্থান গ্রন্থাগারকে আরো অধিক তথ্য উপাত্তে সমৃদ্ধ করতে হবে।

এ্যাডভোকেট সুলতানা কামাল বলেন, পরিবার থেকেই মানুষের সুবিবেচনা বোধের সৃষ্টি হয়। আত্মশুদ্ধির জন্য গ্রন্থাগারের বিরাট ভূমিকা রয়েছে বলে মন্তব্য করে তিনি বলেন, মননশীল মানুষ গঠনের অন্যতম প্রতিষ্ঠান গ্রন্থাগারের স্থান পরিবারের পরেই যা সুনাগরিক গঠন ও সন্ত্রাসবাদ রোধে ভূমিকা রাখতে পারে। অন্যান্য আলোচকগণ গ্রন্থাগারের সেবা, কার্যক্রম ও সমাজ গঠনে এর ভূমিকার উপর আলোকপাত করে বলেন,

*... বাকী অংশ পৃষ্ঠা ৩ এ*

# বেলিডের ২১তম বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন ২০১৬



বেলিডের কার্যনির্বাহী পরিষদ ২০১৬-২০১৭ -এর নির্বাচিত সদস্যবৃন্দ

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর ২১তম বার্ষিক সাধারণ সভা গত ১ মে ২০১৬ তারিখ ধানমন্ডিস্থ আহসানিয়া মিশন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বেলিডের চেয়ারম্যান ড. মির্জা মো. রেজাউল ইসলাম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ বার্ষিক সাধারণ সভায় বিপুল সংখ্যক বেলিড সদস্য অংশগ্রহণ করেন। সভায় বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন বেলিডের মহাসচিব শশাঙ্ক কুমার সিংহ। অর্থসচিব মো. হুমায়ুন কবীর অনুপস্থিত থাকায় যুগ্ম-মহাসচিব মো. আলম হোসেন সমিতির ২০১৪-২০১৫ সালের আর্থিক প্রতিবেদন ও ২০১৫-২০১৬ অর্থবছরের বাজেট উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ বেলিডের বার্ষিক প্রতিবেদন, বাজেট ও আর্থিক প্রতিবেদনের উপর আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনার পর বাজেট ও আর্থিক প্রতিবেদন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বেলিডের ২১তম বার্ষিক সাধারণ সভার ২য় পর্বে বেলিডের কার্যনির্বাহী পরিষদ ২০১৬-২০১৭ -এর নির্বাচন অনুষ্ঠিত হয়। বেলিডের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. আবদুছ ছাত্তার, বেলিডের জীবন সদস্য জহুরুল আমিন কাইউম এবং এ কে এম মফিজুর রহমান নির্বাচন কমিশনার হিসেবে নির্বাচন পরিচালনা করেন।

নির্বাচন কমিশনার সভায় উপস্থিত সদস্যবৃন্দের মধ্য থেকে বেলিডের কার্যনির্বাহী পরিষদের ১৭টি পদের যোগ্য প্রার্থীর নাম প্রস্তাবের আহ্বান করলে, উপস্থিত সদস্যবৃন্দের মধ্য থেকে নির্বাচন কমিশনারের নিকট দুটি প্যানেল উপস্থাপন করা হয়। প্রস্তাবিত দুটি প্যানেলের মধ্যে আলাপ-আলোচনার মাধ্যমে চেয়ারম্যান পদ ব্যতীত ১৬টি পদে একক প্রার্থী ঘোষণা করা সম্ভব হয়। চেয়ারম্যান পদের ২জন প্রার্থী ড. মোঃ মোস্তাফিজুর রহমান ও ড. মোঃ নাজিম উদ্দিন-এর মধ্যে গোপন ভোট অনুষ্ঠিত হয়। ভোটে ড. মোঃ মোস্তাফিজুর রহমান বেলিডের ২০১৬-২০১৭ কার্যকালের চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন। এ প্রেক্ষিতে নির্বাচন কমিশন ড. মোঃ মোস্তাফিজুর রহমান-কে চেয়ারম্যান ও শশাঙ্ক কুমার সিংহ-কে মহাসচিব মনোনীত করে ১৭-সদস্য বিশিষ্ট বেলিড কার্যনির্বাহী পরিষদ ২০১৬-২০১৭ ঘোষণা করেন।

বেলিডের কার্যনির্বাহী পরিষদ ২০১৬-২০১৭ এর নির্বাচিত ১৭জন সদস্যরা হলেন- নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান ড. মোঃ মোস্তাফিজুর রহমান, চেয়ারম্যান এবং বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির উপ-পরিচালক শশাংক কুমার সিংহ, মহাসচিব।

তিন জন ভাইস-চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন যথাক্রমে সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয়ের ডেপুটি লাইব্রেরিয়ান হাজেরা রহমান, ইনডিপেন্ডেন্ট বিশ্ববিদ্যালয়ের ডেপুটি লাইব্রেরিয়ান মোঃ হুমায়ুন কবীর এবং প্রেস ইন্সটিটিউট অব বাংলাদেশের লাইব্রেরিয়ান নমিতা আখতার মুক্তি।

যুগ্ম-মহাসচিব নির্বাচিত হয়েছেন স্কলাস্টিকা স্কুলের সিনিয়র লাইব্রেরিয়ান মোঃ আলম হোসেন। এছাড়াও অর্থ সচিব নির্বাচিত হয়েছেন বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির সহকারী পরিচালক এ কে এম নুরুল আলম অপু, সংস্থাপন সচিব হয়েছেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির লাইব্রেরি অফিসার মোঃ আহসান হাবীব, গবেষণা ও উন্নয়ন সচিব হয়েছেন আইসিডিডিআরবি-এর ইনফরমেশন অফিসার মোঃ শফিউর রহমান এবং সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয়ের সহকারী লাইব্রেরিয়ান কাজী ফরহাদ নোমান প্রকাশনা ও গণসংযোগ সচিব হয়েছেন।

সাত জন নির্বাহী সদস্য হলেন- ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির লাইব্রেরিয়ান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম, ইনডিপেন্ডেন্ট বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী, বাংলাদেশ সচিবালয় লাইব্রেরির লাইব্রেরিয়ান শামসুন নাহার খান, বাংলাদেশ শিশু একাডেমীর লাইব্রেরিয়ান রেজিনা আক্তার, পানি সম্পদ মন্ত্রণালয়ের সহকারী লাইব্রেরিয়ান রেখা ইয়াসমিন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সহকারী লাইব্রেরিয়ান মোঃ ফজলুল করিম এবং ইস্টার্ন ইউনিভার্সিটির ডেপুটি লাইব্রেরিয়ান মোঃ জাহাঙ্গীর আলম।

**প্রধান সম্পাদক**
ড. মোঃ মোস্তাফিজুর রহমান
চেয়ারম্যান, বেলিড।

**সম্পাদক**
শশাংক কুমার সিংহ
মহাসচিব, বেলিড।

**সম্পাদনা পরিষদ**

| | |
|---|---|
| মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী | আহ্বায়ক |
| ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম | সদস্য |
| এ কে এম মফিজুর রহমান | সদস্য |
| শামসুদ্দিন আহমেদ | সদস্য |
| হাজেরা রহমান | সদস্য |
| কাজী ফরহাদ নোমান | সদস্য |
| মোঃ আহসান হাবীব | সদস্য |
| এ কে এম নুরুল আলম অপু | সদস্য |
| শশাংক কুমার সিংহ | সদস্য-সচিব |

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) কর্তৃক প্রকাশিত।

ঠিকানা : বাসা নং ৬৭/বি, রোড নং- ৯/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
ইমেইল : balid-bd@gmail.com
ওয়েব সাইট : http://www.balid.org

## ইন্ট্রিগ্রেটেড লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম-কোহা এবং আরডিএ প্রশিক্ষণ

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর উদ্যোগে ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস (ইউল্যাব)-এর কম্পিউটার ল্যাবে তিন দিনব্যাপী, ১২-১৪ জানুয়ারি ২০১৮, ওপেন সোর্স গ্রন্থাগার অটোমেশন সফটওয়্যার "ইন্ট্রিগ্রেটেড লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম-কোহা এবং আরডিএ"-এর উপর প্রশিক্ষণের আয়োজন করা হয়। ইউল্যাব-এর সহযোগিতায় আয়োজিত এ প্রশিক্ষণে সারাদেশের ২২টি সরকারী, বেসরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে ৪২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। এ প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন বিজেএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশান এন্ড টেকনোলজির উপ-গ্রন্থাগারিক কাজী ফরহাদ নোমান ও বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির উপ-পরিচালক এ কে এম নুরুল আলম অপু।



বেলিডের চেয়ারম্যান ড. মোঃ মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ইউল্যাব মিলনায়তনের সমাপনী ও সার্টিফিকেট বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি'র উপাচার্য অধ্যাপক ড. মোনাজ আহমেদ নুর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস-এর ট্রাস্টি বোর্ডের পরামর্শক অধ্যাপক ইমরান রহমান এবং ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির লাইব্রেরিয়ান ও বেলিডের প্রশিক্ষণ কোর্ডিনেটর ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম। অনুষ্ঠানে প্রশিক্ষনার্থীসহ শতাধিক গ্রন্থাগার ও তথ্য পেশাজীবী উপস্থিত ছিলেন।

## সুনাগরিক গঠন...

–১ম পৃষ্টার বাকী অংশ

সামাজিক প্রতিষ্ঠান হিসেবে গ্রন্থাগারের অবদান অনুস্বীকার্য্য। গ্রন্থাগার ও গ্রন্থাগারিকরা সভ্যতার ধারক ও বাহক হিসেবে সামাজিক দায়বদ্ধতা থেকেই গ্রন্থাগার সেবা প্রদান করে থাকে বিধায় সুনাগরিক গঠন ও সামাজিক সন্ত্রাসবাদ রোধে এদের গুরুত্ব অপরিসীম।

আলোচনায় গ্রন্থাগারিকগণ বলেন, রাষ্ট্রীয় ক্ষমতা পরিবর্তনের সাথে সাথে গ্রন্থাগারের বই নির্বাচনের ধরন পাল্টে যায়, এক্ষেত্রে গ্রন্থাগার পেশাজীবীদের কি করণীয় তা সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের একটি দিকনির্দেশনা প্রয়োজন। গ্রন্থাগারিকগণ গ্রন্থাগার পরিচালনায় সরকার ও সংবাদ মাধ্যমের সহযোগিতা চান। তারা বলেন, গ্রন্থাগারের সাধারণ পাঠকের জন্য সব ধরনের বই রাখার দরকার না হলেও গবেষণার জন্য সকল ধরনের বই রাখার প্রয়োজনীয়তা রয়েছে। তবে গ্রন্থাগারিকগণ সমাজের ও রাষ্ট্রের জন্য ক্ষতিকর এমন কোন প্রকাশনা গ্রন্থাগারে রাখার পক্ষে নয়।

## কমিউনিটি লাইব্রেরি ও মিলন কেন্দ্র বিষয়ক আলোচনা সভা এবং ইফতার




বেলিড ২৯ জুন ২০১৬ তারিখ বুধবার বিকাল ৫ টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের কনফারেন্স হলে কমিউনিটি লাইব্রেরি ও মিলন কেন্দ্র বিষয়ক এক আলোচনা সভা এবং ইফতারের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) ও অতিরিক্ত সচিব এবং এটুআই প্রকল্পের পরিচালক কবির বিন আনোয়ার। বেলিডের চেয়ারম্যান ড. মোঃ মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন বেলিডের মহাসচিব শশাঙ্ক কুমার সিংহ। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বেলিডের ভাইস চেয়ারম্যান ও সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার প্রধান ও উপ-গ্রন্থাগারিক হাজেরা রহমান। তিনি কমিউনিটি লাইব্রেরি ও মিলন কেন্দ্রের বাহ্যিক কাঠামো ও সেবার একটি পূর্ণাঙ্গ মডেল উপস্থাপন করেন। বেলিডের ভাইস চেয়ারম্যান নমিতা আখতার মুক্তির সঞ্চালনায় এ প্রবন্ধের উপর আলোচনায় অংশগ্রহণ করেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব শ্যামা প্রসাদ বেপারী, বেলিডের প্রতিষ্ঠাতা সদস্য মিনহাজ উদ্দিন আহাম্মদ, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির লাইব্রেরিয়ান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান ড. মিজবাহ-উল-ইসলাম প্রমুখ। আলোচকগণ বলেন, মানুষের চাহিদা ও সমাজ কাঠামোর পরিবর্তনের সাথে সাথে গ্রন্থাগার কার্যক্রমের পরিধিও সম্প্রসারিত হওয়া প্রয়োজন। সমাজ জীবনের নিত্য প্রয়োজনীয় কর্মকাণ্ডগুলো যেমন- বইপড়া, আলোচনা, পারিবারিক আচার-অনুষ্ঠান, শিল্পকলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড, সামাজিক সচেতনতামূলক কার্যক্রম, বিনোদন, যোগাযোগ ইত্যাদি এই সামাজিক প্রতিষ্ঠান গ্রন্থাগারে সম্পাদন করা সম্ভব। আর এই মডেল গ্রন্থাগারেরই নাম হল কমিউনিটি লাইব্রেরি ও মিলন কেন্দ্র। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক ও শিক্ষকসহ প্রায় ৭০ জন গ্রন্থাগার ও তথ্য পেশাজীবী এ সভা ও ইফতারে অংশ গ্রহণ করেন।

## বেলিড উচ্চ-শিক্ষা পুরষ্কার চালু

দেশের গ্রন্থাগার ও তথ্যায়ন পেশায় গতিশীলতা আনয়ন, নবীন গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদদের মেধার উৎকর্ষ সাধন ও মেধার স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বেলিড বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা অথবা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে অনার্স ও মাস্টার্স পরীক্ষায় সর্বোচ্চ নম্বরধারীদের পুরষ্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রতি বছর দুইজন শিক্ষার্থীকে এই পুরষ্কার প্রদান করা হবে।

## প্লাজিয়ারিজম ও রেফারেন্স ম্যানেজমেন্ট সফটওয়্যার জটেরো বিষয়ক প্রশিক্ষণ




বেলিড ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় লাইব্রেরির যৌথ উদ্যোগে একদিন ব্যাপী, ১৯ ডিসেম্বর ২০১৫, প্লাজিয়ারিজম ও রেফারেন্স ম্যানেজমেন্ট সফটওয়্যার জটেরো বিষয়ক প্রশিক্ষণ (Training on Plagiarism and Reference Management Software Zotero) নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় লাইব্রেরির ই-রিসোর্স একসেস সেন্টারে অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের ৪০ জন প্রশিক্ষণার্থী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করে।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান ড. মোঃ মোস্তাফিজুর রহমান প্লাজিয়ারিজম চেকিং সফটওয়্যার টার্ন-ইট-ইন (Turnitin) এবং ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশের সহকারী লাইব্রেরিয়ান মোঃ মোখলেসুর রহমান, বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক এ কে এম নূরুল আলম অপু ও সাউথ ইস্ট ইউনিভার্সিটির সহকারী লাইব্রেরিয়ান কাজী ফরহাদ নোমান রেফারেন্স ম্যানেজমেন্ট সফটওয়্যার জটেরো এবং মেন্ডালি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেন। এ ট্রেনিংয়ে প্লাজিয়ারিজম এর উপর বক্তব্য রাখেন বেলিডের প্রতিষ্ঠাতা সদস্য মিনহাজ উদ্দিন আহাম্মদ।

বেলিডের চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সনদপত্র বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. গৌর চন্দ্র গোস্বামী, বিশেষ অতিথি ছিলেন সিরডাপের আইসিটি ও ট্রেনিং প্রোগ্রামের পরিচালক ড. বাসন্তি রাজেন্দ্রন।

## আধুনিক গ্রন্থাগার প্রযুক্তি, অটোমেশন ও ডিজিটাইজেশন প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন প্রয়োজন

গ্রন্থাগারিকদের আধুনিক গ্রন্থাগার প্রযুক্তি, অটোমেশন ও ডিজিটাইজেশন প্রশিক্ষণের অভাবে দেশের তথ্যসম্পদ যথাযথভাবে সংরক্ষিত হচ্ছে না এবং পাঠক সেবাও মানসম্মত নয়। এজন্য গ্রন্থাগারিকদের জন্য সরকারী ও বেসরকারী উদ্যোগে আধুনিক তথ্যপ্রযুক্তি নির্ভর গ্রন্থাগার গঠন এবং গ্রন্থাগার অটোমেশন ও ডিজিটাইজেশন প্রশিক্ষণের পৃথক ইন্সটিটিউট স্থাপন করা প্রয়োজন। বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর উদ্যোগে ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস (ইউল্যাব)-এর কম্পিউটার ল্যাবে আয়োজিত তিনদিন ব্যাপী, ৬ থেকে ৮ অক্টোবর ২০১৬, ওপেন সোর্স গ্রন্থাগার অটোমেশন সফটওয়্যার "ইন্ট্রিগ্রেটেড লাইব্রেরি সিস্টেম- কোহা" (Integrated Library System- Koha) এর প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সার্টিফিকেট বিতরন অনুষ্ঠানে বক্তারা একথা বলেন। ইউল্যাব- এর সহযোগিতায় আয়োজিত এ প্রশিক্ষণে সারাদেশের বিভিন্ন সরকারী, বেসরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে ৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। এ প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন সাউথ ইস্ট ইউনিভার্সিটির সহকারী গ্রন্থাগারিক কাজী ফরহাদ নোমান ও বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির সহকারী পরিচালক এ কে এম নুরুল আলম অপু।



বেলিডের চেয়ারম্যান ড. মোঃ মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ইউল্যাব মিলনায়তনে সমাপনী ও সার্টিফিকেট বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউল্যাব-এর ভাইস চ্যান্সেলর অধ্যাপক ইমরান রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) তড়িৎ ও ইলেকট্রনিক্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ কায়কোবাদ, মুক্তিযুদ্ধ যাদুঘরের ট্রাস্টি মফিদুল হক এবং ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির লাইব্রেরিয়ান ও বেলিডের প্রশিক্ষণ কোর্ডিনেটর ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম।

# গ্রন্থাগারিকদের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষক ঘোষণার দাবীতে মানব বন্ধন

দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত গ্রন্থাগারিকদের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষক ঘোষণার দাবীতে ২৮ জানুয়ারি ২০১৭, শনিবার, বেলা ১১টায়, জাতীয় প্রেসক্লাব, ঢাকার সামনে কয়েক শত গ্রন্থাগারিক, গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্যবিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ মানব বন্ধনে অংশগ্রহণ করে। বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) আয়োজিত মানব বন্ধনে বক্তব্য রাখেন বেলিডের সাবেক চেয়ারম্যান ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম, বেলিডের সাবেক ভাইস-চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক ড. মোঃ আনোয়ারুল ইসলাম, বেলিডের মহাসচিব শশাংক কুমার সিংহ-সহ বিভিন্ন প্রতষ্ঠানে কর্মরত গ্রন্থাগার পেশাজীবীগণ।




বক্তাগণ গ্রন্থাগারিকদের শিক্ষকের পদমর্যাদা অযৌক্তিকভাবে বাদ দিয়ে জারীকৃত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার ২২ ডিসেম্বর ২০১৬ তারিখের পরিপত্র (১লা জানুয়ারি ২০১৭ তারিখে গেজেটে প্রকাশিত) বাতিলের দাবী জানান। তারা বলেন দেশের সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত গ্রন্থাগারিকগণ নিয়মিত গ্রন্থাগার ক্লাসসহ অন্যান্য বিষয়ের ক্লাস নিয়ে থাকেন এবং শিক্ষার্থীদের পাঠ্য বইয়ের পাশাপাশি সৃজনশীল বইয়ের পাঠদানের মাধ্যমে মেধা, মন, মনন ও মানসিক বিকাশে ভূমিকা রাখেন। গ্রন্থাগারিকদের শিক্ষকের মর্যাদা না দেয়া হলে এবিষয়টিকে অবমূল্যায়ন করা হবে এবং গ্রন্থাগারিকরা শিক্ষাদানে নিরুৎসাহিত হবে। ফলশ্রুতিতে শিক্ষার্থীদের মানসিক বিকাশ বাঁধা গ্রস্থ হবে এবং সমাজে সন্ত্রাসী, মানবিক বিকার গ্রস্থ ও বিপথগামী তরুণের জন্ম দিবে। বক্তারা মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষা মন্ত্রীর নিকট আবেদন জানান, তারা যেনো দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত গ্রন্থাগারিকদের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষক ঘোষণার বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনা করে আশুব্যবস্থা গ্রহণ করেন।

## শহীদুল আজাদ তুর্যেকে বেলিডের আর্থিক সহায়তা প্রদান



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগের প্রথম ব্যাচের ছাত্র, বর্তমানে শাহ সুলতান কলেজ, বগুড়ার সহকারী গ্রন্থাগারিক শহীদুল আজাদ তুর্যের ব্রেন টিউমার চিকিৎসার জন্যে বেলিড ৭ অক্টোবর ২০১৭ তারিখে ১ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করেছে। বেলিড অফিসে তুর্যের পক্ষে টাকা গ্রহণ করেন তার সহপাঠি ও বেলিডের ভাইস চেয়ারম্যান নমিতা আখতার মুক্তি।

## জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৮ উৎযাপন




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৫ই ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস ঘোষণা করে প্রথম বারের মত ৫ই ফেব্রুয়ারি ২০১৮ তে উৎযাপন করে। বেলিড তার সদস্যদের নিয়ে স্বতঃস্ফুর্তভাবে জাতীয় গ্রন্থাগার দিবসের সকল অনুষ্ঠান ও র‍্যালীতে অংশ গ্রহণ করে। ০৫ই ফেব্রুয়ারিকে “জাতীয় গ্রন্থাগার দিবস” ঘোষণা করায় বেলিডের পক্ষ থেকে বর্তমান সরকারকে ধন্যবাদ জানানো হয় এবং দিবসটির সকল কর্মসূচি সফল করতে গণগ্রন্থাগার অধিদপ্তরকে সার্বিক সহায়তা প্রদান করা হয়।

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা (মাউশি) অধিদপ্তরের মহাপরিচালকের সাথে সাক্ষাৎ

গত ২৪ জুলাই ২০১৭ তারিখে বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতির (বেলিড) চেয়ারম্যান ও রয়েল ইউনিভার্সিটি অব ঢাকার গ্রন্থাগার ব্যাবস্থাপনা ও তথ্যবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. মোঃ মোস্তাফিজুর রহমান, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক



শিক্ষা উপবৃত্তি প্রকল্পের পরিচালক (যুগ্ম-সচিব) শ্যামা প্রসাদ ব্যাপারী, বেলিডের সাবেক ভাইস-চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর, এনজেলের আহবায়ক আবুল মাহফুজ মাজদার আহাম্মদ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা (মাউশি) অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. এস এম ওয়াহিদুজ্জামানের সাথে শিক্ষা ভবন, ঢাকায় সাক্ষাৎ করেন। তারা মহাপরিচালক মহোদয়কে ২২ ডিসেম্বর ২০১৬ তারিখের (১লা জানুয়ারি ২০১৭ তারিখে গেজেটে প্রকাশিত) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার পরিপত্রের প্রেক্ষিতে গ্রন্থাগারিকদের যে সকল সমস্যা হচ্ছে তা অবহিত করেন এবং মহাপরিচালক মহোদয়ের পরামর্শ মোতাবেক বেলিডের চেয়ারম্যান পরিপত্রটি সংশোধন পূর্বক স্কুল, কলেজ ও মাদ্রাসার গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিককে শিক্ষক সংজ্ঞায় অন্তর্ভূক্ত করে সংশোধিত পরিপত্র প্রকাশের যথাযথ ব্যবস্থা গ্রহণের একটি আবেদন করেন।

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার চেয়ারম্যানের সাথে আলোচনা

বেলিডের চেয়ারম্যান ড. মোঃ মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে বেলিডের সাবেক ভাইস-চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স সমিতির সভাপতি সৈয়দ আলী আকবর, বাংলাদেশ কেন্দ্রিয় পাবলিক লাইব্রেরি ঢাকার লাইব্রেরিয়ান এ ডি এম আলী আহমেদ, এনজেলের আহবায়ক আবুল মাহফুজ মাজদার আহাম্মদ ও সদস্য-সচিব মোঃ বেল্লাল হোসেন, বাংলাদেশ সহকারী গ্রন্থাগারিক সমিতি, ঢাকা জেলা শাখার সভাপতি মোঃ মাহবুবুল আলম ভূইয়া  গত ১০ অক্টোবর ২০১৭ তারিখ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার চেয়ারম্যান অধ্যাপক মোঃ মাহাবুবুর রহমানের সাথে তার অফিসে সাক্ষাত করে ২২ ডিসেম্বর ২০১৬ তারিখের (১লা জানুয়ারি ২০১৭ তারিখে গেজেটে প্রকাশিত) ঢাকা বোর্ডের জারীকৃত পরিপত্রের প্রেক্ষিতে স্কুল, কলেজ ও মাদ্রাসায় কর্মরত গ্রন্থাগারিকদের যে সমস্যা হচ্ছে তা সমাধানের বিষয়ে আলোচনা করেন। মাননীয় বোর্ড চেয়ারম্যান বলেন, পরিপত্রটি শুধুমাত্র স্কুল, কলেজ ও মাদ্রাসার গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটির নীতিমালা হিসেবে জারী করা হয়েছে তাই এবিষয়টি অন্যক্ষেত্রে প্রযোজ্য নয়। তিনি গ্রন্থাগারিকদের শিক্ষক মর্যাদার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন বলে আশ্বাস প্রদান করেন।



## আত্মীকরণকৃত শিক্ষা প্রতিষ্ঠান গ্রন্থাগারের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদের মর্যাদা ও বেতন স্কেল না কমানোর আবেদন



১৭ আগস্ট ২০১৭ তারিখ বেলিডের চেয়ারম্যান ও রয়েল ইউনিভার্সিটি অব ঢাকার গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্যবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. মোঃ মোস্তাফিজুর রহমান এবং বেলিডের মহাসচিব ও বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির যুগ্ম-পরিচালক শশাংক কুমার সিংহের নেতৃত্বে বেলিডের সাবেক ভাইস-চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের লাইব্রেরিয়ান ড. মোঃ আনোয়ারুল ইসলাম ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের লাইবেরিয়ান শামসুন নাহার খান আত্মীকরণকৃত শিক্ষা প্রতিষ্ঠান গ্রন্থাগারের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদের মর্যাদা ও বেতন স্কেল না কমানোর বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জনবল সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের প্রধান, অতিরিক্ত সচিব মিসেস উম্মুল হাসনার সাথে আলোচনা করেন। বেলিডের পক্ষ হতে এবিষয়ে তাকে একটি আবেদনপত্র প্রদান করা হয়। আলোচনা ও আবেদনের প্রেক্ষিতে তিনি বিষয়টি দেখবেন মর্মে বেলিড নেতৃবৃন্দকে আশস্ত করেন।

## গ্রন্থাগার শিক্ষক-পেশাজীবী সমন্বয় সভা



গত ১০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ শুক্রবার সন্ধ্যা ৭:০০ টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ক্যাফেটারিয়ায় গ্রন্থাগার শিক্ষক-পেশাজীবী সমন্বয় সভায় দেশের "মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, ইন্সটিটিউট ও বিশেষ গ্রন্থাগারে কর্মরত গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের পেশাগত সমস্যার সমাধানে দেশের গ্রন্থাগার শিক্ষক-পেশাজীবীদের করণীয় নিয়ে নেতৃবৃন্দ আলোচনা করেন। বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) আয়োজিত এ সমন্বয় সভায় বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব), ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স সমিতি, সচিবালয় গ্রন্থাগার সমিতি, মহাবিদ্যালয় গ্রন্থাগারিক সমিতি, কেন্দ্রিয় সহকারী গ্রন্থাগারিক সমিতি, পি টি আই গ্রন্থাগার সমিতি, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনার শিক্ষক, বিভিন্ন জেলা সহকারী গ্রন্থাগারিক সমিতি ও বেলিড নেতৃবৃন্দ অংশ গ্রহণ করেন। বেলিড চেয়ারম্যান ড. মোঃ মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমন্বয় সভায় দীর্ঘ আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, ইন্সটিটিউট ও বিশেষ গ্রন্থাগারে কর্মরত গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদটির নামকরণ যথাক্রমে গ্রন্থাগার শিক্ষক ও সহকারী গ্রন্থাগার শিক্ষক করার দাবীতে রাজপথে আন্দোলন করা হবে। এ লক্ষ্যে ১১ মার্চ ২০১৭ শনিবার সারাদেশের গ্রন্থাগারিক, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনার শিক্ষক ও শিক্ষার্থীরা ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে সমাবেত হয়ে বেলা ১১ টা থেকে ২ টা পর্যন্ত প্রতীকী অনশন কর্মসূচি পালন করবে।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক জারীকৃত পরিপত্রে অপ্রাসঙ্গিকভাবে সহকারী গ্রন্থাগারিককে শিক্ষকের মর্যাদা থেকে বাদ দেয়া হয়েছে। গ্রন্থাগারিকদের পদ মর্যাদা, পেশাকে অবমূল্যায়ন ও সামাজিকভাবে হেয় প্রতিপণ্য করার অপচেষ্টাকে আইনীভাবে মোকাবেলার জন্য প্রয়োজনে মহামান্য হাইকোর্টে এক বা একাধিক রীট পিটিশন করা হবে।

## বেলিডের ৪ লক্ষ টাকার ফান্ড তৈরি

বেলিডের আয় একমাত্র সদস্য চাঁদা। এছাড়া বিজ্ঞাপন ও ব্যক্তি অনুদান হতে কিছু টাকা পাওয়া যায়। কিন্তু ব্যয় প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। এই সমস্যা সমাধানকল্পে বেলিডের কার্যনির্বাহী ও উপদেষ্টা পরিষদের সদস্যদের এককালীন অনুদানে প্রায় ৪ লাখ টাকার একটি ফান্ড তৈরি করা সম্ভব হয়েছে। এ ফান্ডটি বৃদ্ধির জন্য সকল বেলিড সদস্যদেরকে সাধ্যমত অনুদান প্রদানের আহবান করা হয়েছে।

## বেলিডের বাৎসরিক বনভোজন



বেলিডের বাৎসরিক বনভোজন ২০১৮ গত ১৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ শুক্রবার প্রিয় কুঞ্জ, ড. মির্জা পার্ক, চুরকাই, ময়মনসিংহ-এ আয়োজন করা হয়। উক্ত বনভোজনে ৬৮জন বেলিড সদস্য ও তাদের পরিবারের সদস্যরা অংশগ্রহণ করে। বনভোজনে একেএম মফিজুর রহমান আহ্বায়ক এবং একেএম নুরুল আলম অপু সদস্য সচিব হিসেবে দ্বায়িত্ব পালন করেন।

এছাড়াও গত ০৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ শুক্রবার জল ও জঙ্গলের কাব্য, পাইলট বাড়ি, ডেমুর পাড়া, পুবাইল, জয়দেরপুর, গাজীপুরে বেলিডের বাৎসরিক বনভোজন ২০১৭ আয়োজন করা হয়। বেলিডের ৫৮জন সদস্য ও তাদের পরিবারবর্গ বনভোজনে অংশগ্রহণ করে। বনভোজনে মোঃ হুমায়ুন কবীর আহবায়ক এবং মোঃ ফজলুল করিম সদস্য সচিব হিসেবে দ্বায়িত্ব পালন করেন।

## বেলিডের যুগ্ম-মহাসচিব মরহুম আলম হোসেন-এর শোক সভা



বেলিডের যুগ্ম-মহাসচিব মোঃ আলম হোসেন লিভার সিরোসিসে আক্রান্ত হয়ে অকালে মৃত্যুবরণ করেছেন। গত ১৭ ডিসেম্বর ২০১৬ তারিখ বিকাল ৪ টায় লালমাটিয়ায় বেলিড সদস্য এবিএম মাহফুজুল হকের এম এইস গ্রুপ অফিসে শোক সভার আয়োজন করা হয়। বেলিডের সদস্য, মরহুমের বন্ধু-বান্ধব, পরিবারের সদস্য-সহ বিপুল সংখ্যক গ্রন্থাগার পেশাজীবী এ শোক সভায় অংশ গ্রহণ করেন।

## বেলিডের যুগ্ম-মহাসচিব পদ পূরণ

বেলিডের যুগ্ম-মহাসচিব মোঃ আলম হোসেনের অকাল মৃত্যুতে বেলিডের গঠনতন্ত্র অনুসারে বেলিড কার্যনির্বাহী পরিষদ ২০১৬-২০১৭ এর যুগ্ম মহাসচিব শূন্য পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ গ্রন্থাগারের উপ-গ্রন্থাগারিক মোহাম্মদ শেখ সাদীকে ২০১৬-২০১৭ কার্যনির্বাহী পরিষদের যুগ্ম মহাসচিব হিসেবে কো-অপ্ট করা হয়েছে।

## বেলিডের নিজস্ব ভাড়া অফিস

বেলিড তার প্রতিষ্ঠালগ্ন থেকে কমিউনিটি ডেভেলপমেন্ট লাইব্রেরি (সিডিএল)-এ অফিস কার্যক্রম চালিয়ে আসছে। সিডিএল আন্তরিকতার সাথে সবসময় বেলিড-কে তার কার্যক্রম পরিচালনা করতে সব ধরনের সহায়তা প্রদান করেছে। এই সহায়তায় কোন আর্থিক সংশ্লেষ ছিল না। এ জন্য বেলিড কৃতজ্ঞতার সাথে সিডিএল-এর সহযোগিতা স্মরণ করে । বর্তমানে সিডিএল অন্যত্র চলে যাওয়ায় এবং বেলিডের কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় পূর্বের সিডিএল-এর ছেড়ে দেওয়া বাড়ির একটি অংশ বেলিডের অফিস হিসেবে ভাড়া নেয়া হয়েছে। এই প্রথম বেলিড আনুষ্ঠানিকভাবে অন্যের ভবন ছেড়ে নিজের ভাড়া করা জায়গায় অফিস পরিচালনা করছে। ভাড়া করা অফিসটি তিন বছর পার করল। বেলিডের ৭ জন সম্মানীত সদস্য নিয়মিত অফিস ভাড়া পরিশোধ করেছেন। বেলিডের অফিসের ঠিকানা ঃ বাসা- ৬৭/বি, রোড- ৯/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।

## বেলিডের ৩৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন



গত ২৩ জানুয়ারি ২০১৮ বেলিড ৩৩তম বছরে পদার্পণ করেছে। বেলিড সদস্যদের উপস্থিতিতে বেলিডের প্রতিষ্ঠাতা সদস্য মিনহাজ উদ্দিন আহাম্মদ-এর কেক কাটার মাধ্যমে দিনটি অনাড়ম্বরভাবে বেলিডের অফিসে পালন করা হয়।

## ২০১৬-১৭ কার্যকালে বেলিডের নতুন সদস্য

[এলএম - ৫৩৯] রাজেশ কুমার দাস
প্রভাষক, ইনফরমেশন স্টাডিজ ইনস্টিটিউট
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

[এলএম - ৫৪০] মুহাম্মদ বুরহান উদ্দিন
উপ পরিচালক, বাংলাদেশ ব্যাংক লাইব্রেরী, ঢাকা

[এলএম - ৫৪১] মোঃ মানিক হোসেন ভূঁইয়া
গ্রন্থাগারিক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট

[এলএম - ৫৪২] মোহাম্মদ জয়নাল আবেদীন
ল্যাব প্রশিক্ষক, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

[এলএম - ৫৪৩] মিসেস তাহমিনা আফাত শামি
সহকারী গ্রন্থাগারিক, ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়

[এলএম - ৫৪৪] মিসেস রমিসা পারভীন
প্রধান লাইব্রেরি অফিসার, স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়

[এলএম - ৫৪৫] মোঃ আনিসুল হক
লাইব্রেরি অফিসার, সাউথইস্ট বিশ্ববিদ্যালয়, ঢাকা

[এলএম - ৫৪৬] মিস সাদিয়া অফরোজ
সহকারী গ্রন্থাগারিক, ব্র্যাক ইউনির্ভারসিটি, ঢাকা

[এলএম - ৫৪৭] মোঃ আরমানুল হক
সহকারী গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, চুয়েট

[এলএম - ৫৪৮] মোঃ সাইফুল ইসলাম
সহকারী এক্সিকিউটিভ, ইস্টার্ন ইউনিভার্সিটি, ঢাকা

[এলএম - ৫৪৯] মোঃ কামরুল ইসলাম
এক্সিকিউটিভ, ইস্টার্ন ইউনিভার্সিটি, ঢাকা

[এলএম - ৫৫০] মিসেস রাজিয়া সুলতানা
লাইব্রেরী ম্যানেজার, জ্ঞানতাপস আব্দুর রাজ্জাক ফাউন্ডেশন, ঢাকা

[এলএম - ৫৫১] মিসেস শাহনাজ বেগম
১৬২/৪ শান্তিনগর, ঢাকা-১২১৭

[এলএম - ৫৫২] মিস সিতারা বেগম
প্রিন্সিপাল গ্রন্থাগারিক, বিসিএসআইআর, ঢাকা

[এলএম - ৫৫৩] আবুল হাসানাত মোঃ ফজলে রাব্বী
গ্রন্থাগারিক, বাংলাদেশ জাতীয় যাদুঘর, ঢাকা

[এলএম - ৫৫৪] ইতফা ফারজানা
গ্রন্থাগারিক, রাণীনগর মহিলা কলেজ, নওগাঁ

[এলএম - ৫৫৫] মোঃ মোসলেম উদ্দিন
গ্রন্থাগারিক, মিলিটারী ইন্সটিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), ঢাকা

[এলএম - ৫৫৬] মিসেস সাবিয়া খন্দকার
গ্রন্থাগারিক, রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা, ঢাকা

[এলএম - ৫৫৭] মোসাঃ নুসরাত সুলতানা
সহকারী গ্রন্থাগারিক, মিলিটারী ইন্সটিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), ঢাকা

[এলএম - ৫৫৮] মিসেস নাদিয়া মোহাম্মদ
১০৯/১ কাকরাইল, ঢাকা-১০০০

[এলএম - ৫৫৯] মোঃ মাহফুজুল আজম
অধ্যক্ষ, অগ্রগামী শিশু নিকেতন, ঢাকা

[এলএম - ৫৬০] মোঃ সিরাজুল করিম
ব্যবস্থাপনা পরিচালক, ন্যানো টেক কেমিক্যাল লিমিটেড

[এলএম - ৫৬১] মোঃ জামাল উদ্দিন
উপ পরিচালক, বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার, ঢাকা

[এলএম - ৫৬২] মিসেস খাদিজা বেগম
সহকারী গ্রন্থাগারিক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট

[এলএম - ৫৬৩] মিসেস আমেনা আকতার
গ্রন্থাগারিক, সরকারি বিজ্ঞান কলেজ, ঢাকা

[এলএম - ৫৬৪] সুমী গুলশানারা পারভীন
সহকারী গ্রন্থাগারিক, বাতজ্বর ও হার্ট ডিজিজ কন্ট্রোল সেন্টার, শেরেবাংলা নগর, ঢাকা -১২০৭

[এলএম - ৫৬৫] মোঃ আমিন খান
হাটখোলা রোড, ওয়ারী, শুত্রাপুর, ঢাকা -১২০৩

[এলএম - ৫৬৬] অধ্যাপক ড. এস এম জাবেদ আহমেদ
তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

[এলএম - ৫৬৭] জয় চার্লস রোজারিও
মগবাজার, ঢাকা -১২১৭

[এলএম - ৫৬৮] মোঃ মনিরুল ইসলাম
সহকারী গ্রন্থাগারিক
ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

[এলএম - ৫৬৯] শর্মিন সুলতানা তোমা
প্রভাষক, ইলিম, ধানমন্ডি, ঢাকা

[এলএম - ৫৭০] আশরাফুন্নেছা শওকত কুমু
প্রভাষক, ইলিম, ধানমন্ডি, ঢাকা

[এলএম - ৫৭১] ফারহানা বেগম হাসি
নর্দান বিশ্ববিদ্যালয়, ঢাকা

[এলএম - ৫৭২] মোঃ উমর ফারুক
উপ গ্রন্থাগারিক, ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

[এলএম - ৫৭৩] শাহীন আকতার
জুনিয়র গ্রন্থাগারিক, আই ইউ বি, ঢাকা

[এলএম - ৫৭৪] মোঃ মুসাশির আহসান
সহকারি গ্রন্থাগারিক, সাউথইস্ট বিশ্ববিদ্যালয়, ঢাকা

[এলএম - ৫৭৫] লায়লা নূর

[এলএম - ৫৭৬] সাইদ আহমেদ রাসেল
ঈশা খাঁ বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ

[এলএম - ৫৭৭] আলমগীর এস রহমান

[এলএম - ৫৭৮] ফৌজিয়া ইয়াসমিন
লাইব্রেরিয়ান, পুলিশ হেড কোয়ার্টার, ঢাকা

[এলএম - ৫৭৯] ফারাহ নাজ
১৫/১৭, শান্তিনগর, ঢাকা

[এলএম - ৫৮০] জাসিয়া হুমায়ারা
পিটিআই, রাজশাহী

[এলএম - ৫৮১] সাগুফতা রব্বানি

[এলএম - ৫৮২] কাজী ফৌজিয়া নাহার
সিভিল এভিয়েশন, ঢাকা

[এলএম - ৫৮৩] আবু জাহিদ মোঃ রাজিয়ুল আনসারী
গ্রন্থাগারিক, ইক্ষু গবেষণা কেন্দ্র, পাবনা

[এলএম - ৫৮৪] কামাল উদ্দিন

[এলএম - ৫৮৫] জন্নাতী জেরিন
লাইব্রেরিয়ান, সাউথ ব্রীজ স্কুল, ঢাকা

[এলএম - ৫৮৬] মোসাঃ আসমা খাতুন
সিনিয়র গ্রন্থাগারিক, বিসিআইসি, ঢাকা

## বেলিডের আইসিটি উইংয়ের সহায়তায় ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠা

বেলিডের আইসিটি উইং-এর সহায়তায় আন্তর্জাতিক প্রতিষ্ঠান সেন্টার অন ইন্ট্রিগ্রেটেট রুরাল ডেভেলপমেন্ট ফর এশিয়া অ্যান্ড দি প্যাসেফিক (সিরডাপ) সম্প্রতি ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠা করেছে। উক্ত গ্রন্থাগারটিতে 'ডিস্পেস' ওপেন সোর্স সফটওয়্যার ব্যবহার করা হয়েছে। বেলিডের আইসিটি উইং এর সদস্য মোঃ মোখলেসুর রহমান এবং কাজী ফরহাদ নোমান উক্ত সফটওয়্যারের মাধ্যমে ডিজিটাল গ্রন্থাগারটি প্রতিষ্ঠিতা করতে সার্বিক সহায়তা প্রদান করেছে। এছাড়াও নর্দান বিশ্ববিদ্যালয়ে 'ডিস্পেস' ওপেন সোর্স সফটওয়্যার ব্যবহার করে ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠা করতে বেলিডের পক্ষ থেকে কাজী ফরহাদ নোমান সার্বিক সহায়তা করেছে ।

ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠায় বেলিডের প্রত্যক্ষ সহায়তা দেশের বিভিন্ন গ্রন্থাগারের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে এবং গ্রন্থাগার কর্মীদেরকে নিজ নিজ প্রতিষ্ঠানে ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালনে উৎসাহিত করছে। এখানে উল্লেখ্য যে, সম্পূর্ণ বিনামূল্যে প্রাপ্ত ওপেন সোর্স সফটওয়্যার সমূহের মাধ্যমে কিভাবে গ্রন্থাগারকে ডিজিটাইজেশনের আওতায় আনা যায় এবং কিভাবে এই সেবাকে আরও উন্নত ও টেকসই করা যায়, সে বিষয়ে বেলিড যথাযথ কার্যক্রম গ্রহণসহ নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করছে। বেলিডের আইসিটি উইংয়ের সদস্যরা বর্তমানে বিএআরআই লাইব্রেরি, গাজীপুর এবং বারডেম লাইব্রেরি, শাহবাগে ডিজিটাল গ্রন্থাগার প্রতিষ্ঠিতায় সার্বিক সহায়তা প্রদান করছে।

## নতুন কর্মক্ষেত্রে যোগদান



বেলিডের ভাইস-চেয়ারম্যান হাজেরা রহমান, ১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজিতে লাইব্রেরিয়ান হিসেবে যোগদান করেছেন। হাজেরা রহমান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অনার্স-সহ মাস্টার্স ডিগ্রী এবং অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি থেকে ইনফরমেশন সিস্টেম বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেছেন।



ড. জাহিদ হাসান শোয়েব গত ২ নভেম্বর ২০১৭ তারিখে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান হিসেবে যোগদান করেছেন। ড. শোয়েব ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে মাস্টার্স ও পিএইস-ডি ডিগ্রী এবং ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ থেকে কম্পিউটার সায়েন্সে মাস্টার্স ডিগ্রী অর্জন করেছেন।



বেলিডের প্রকাশনা ও গণসংযোগ সচিব কাজী ফরহাদ নোমান গত ১৫ মার্চ ২০১৭ তারিখে বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজিতে ডেপুটি লাইব্রেরিয়ান হিসেবে যোগদান করেছেন। জনাব নোমান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অনার্স-সহ মাস্টার্স ডিগ্রী এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ইনফরমেশন টেকনোলজিতে মাস্টার্স ডিগ্রী অর্জন করেছেন।

## শ্রেষ্ঠ তরুণ পেশাজীবীর সম্মাননা পেলেন এ কে এম নুরুল আলম অপু




শ্রেষ্ঠ তরুণ গ্রন্থাগার পেশাজীবীর সম্মাননা পেলেন বাংলাদেশ ব্যাংকের উপ-পরিচালক ও বেলিডের অর্থসচিব এ কে এম নুরুল আলম অপু। গ্রন্থাগার পেশাজীবীদের উদ্যোগে প্রকাশিত দেশের প্রথম সাপ্তাহিক বুলেটিন 'দ্য লাইব্রেরিয়ান টাইমস (টিএলটি)' সম্মানজনক এই 'ইয়াং এক্সেলেন্স ইনোভেশন অ্যাওয়ার্ড' প্রদান করে। বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর মনোনয়নে লাইব্রেরি ম্যানেজমেন্ট ও ডিজিটাইজেশন সফটওয়্যার স্লিমস (SLiMS)-এ বাংলা ইন্টারফেস তৈরি করে তিনি এ পুরস্কার জয়লাভ করেন। সফটওয়্যারটির বাংলা ইন্টারফেস তৈরির ফলে গ্রন্থাগার ব্যবস্থাপনার আন্তর্জাতিক জগতে বাংলা ব্যবহারের পথ সুগম হয়েছে।

গত ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদ অডিটোরিয়াম ভবনে এ পুরস্কার দেয়া হয়। টিএলটি আয়োজিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

## ড. মোস্তাফিজুর রহমানের রয়েল ইউনিভার্সিটিতে যোগদান




ড. মোঃ মোস্তাফিজুর রহমান রয়েল ইউনিভার্সিটি অব ঢাকার গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্যবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান হিসেবে ২২ ডিসেম্বর ২০১৬ তারিখে যোগদান করেছেন। ইতিপূর্বে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ও ভারতের নর্থ ইস্টার্ন হিল ইউনিভার্সিটির তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে খণ্ডকালীন শিক্ষক হিসেবে শিক্ষকতাসহ বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে দক্ষতা ও সুনামের সাথে কাজ করেছেন। ড. মোস্তাফিজ ভারত সরকারের আই সি সি আর (Indian Council for Cultural Relations- ICCR) স্কলারশিপে ১৯৯৯ সালে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনায় পিএইস-ডি ডিগ্রী অর্জন করেন। দেশ-বিদেশে তার প্রকাশিত গবেষণা প্রবন্ধের সংখ্যা ১৯টি। বর্তমানে তিনি বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর চেয়ারম্যান এবং এশিয়ান লাইব্রেরী এসোসিয়েশন, নয়াদিল্লী, ভারতের এডভাইজারী বোর্ডের সদস্য।

# বাংলাদেশ গ্রন্থাগার সমিতির নির্বাচন ২০১৭



**সৈয়দ আলী আকবর**
সভাপতি



**ড. মোঃ আনোয়ারুল ইসলাম**
মহাসচিব

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব)-এর ২০১৮-২০২০ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচন গত ৩০ ডিসেম্বর ২০১৭ তারিখে টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা-সহ অন্যান্য বিভাগীয় শহরে একযোগে অনুষ্ঠিত হয়। নির্বাচনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডেপুটি লাইব্রেরিয়ান সৈয়দ আলী আকবর, সভাপতি এবং শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান ড. মোঃ আনোয়ারুল ইসলাম, মহাসচিব পদে বিপুল ভোটের ব্যবধানে নির্বাচিত হয়েছেন। কোষাধ্যক্ষ পদে নির্বাচিত হয়েছেন গণগ্রন্থাগার অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ হামিদুর রহমান তুষার। বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব)-এর কার্যনির্বাহী পরিষদের ২৩টি পদের মধ্যে দুটি সহ-সভাপতি, দুটি কেন্দ্রীয় ও চারটি বিভাগীয় কাউন্সিলর পদ ছাড়া বাকী ১৫টি পদে আকবর-আনোয়ার-তুষার প্যানেল বিজয়ী হয়েছেন।

*বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খণ্ড)*

সম্পাদনায় : হাসান হাফিজুর রহমান

তথ্য মন্ত্রণালয়ের পক্ষে
হাক্কানী পাবলিশার্স হতে প্রকাশিত।



সঠিক তথ্য সমৃদ্ধ দলিলপত্র।

মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে সংগ্রহ করুন হাসান হাফিজুর রহমান সম্পাদিত "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খণ্ড)"।

হাক্কানী পাবলিশার্স
Hakkani Publishers
মমতাজ পাজা (৪র্থ তলা) বাড়ি # ৭ সড়ক # ৪
ধানমন্ডি ঢাকা-১২০৫ ফোন: ৯৬৬১১৪১ ৯৬১১৯৭১-৫
ফ্যাক্স: ৯৬৬২৮৪৪ ই-মেইল: hakkani@paramabd.com

Parama
Publishers & Distributors Ltd.

All Kinds of Health Science
Elsevier Business and Science & Technology
Books are Available with us !

**Parama Publishers & Distributors Ltd.**

Corporate Office
Momtaz Plaza (3rd Floor) House-7 Road-4
Dhanmondi Dhaka-1205 Bangladesh
Tel: (8802) 9661141 9611972-5

**Customer Care No:** (88) 01811416022
Fax: (8802) 9662844
E-mail : info@paramabd.com

Sales Center
108 (2nd Floor) Dr. Kudrat-E-Khuda Road
(New Elephant Road) Dhaka-1205
Tel: (8802) 9661141 9611971-3

# বেলিডের নির্বাচিত কার্যনির্বাহী পরিষদ ২০১৬-২০১৭



**ড. মোঃ মোস্তাফিজুর রহমান**
চেয়ারম্যান, বেলিড



**শশাংক কুমার সিংহ**
মহাসচিব, বেলিড



**হাজেরা রহমান**
ভাইস-চেয়ারম্যান



**মোঃ হুমায়ুন কবীর**
ভাইস-চেয়ারম্যান



**নমিতা আখতার মুক্তি**
ভাইস-চেয়ারম্যান



**মোঃ আলম হোসেন**
যুগ্ম-মহাসচিব



**এ কে এম নুরুল আলম অপু**
অর্থ সচিব



**মোঃ আহসান হাবীব**
সংস্থাপন সচিব



**মোঃ শফিউর রহমান**
গবেষণা ও উন্নয়ন সচিব



**কাজী ফরহাদ নোমান**
প্রকাশনা ও গণসংযোগ সচিব



**ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম**
নির্বাহী সদস্য



**মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী**
নির্বাহী সদস্য



**শামসুন নাহার খান**
নির্বাহী সদস্য



**রেজিনা আক্তার**
নির্বাহী সদস্য



**রেখা ইয়াসমিন**
নির্বাহী সদস্য



**মোঃ ফজলুল করিম**
নির্বাহী সদস্য



**মোঃ জাহাঙ্গীর আলম**
নির্বাহী সদস্য

# গ্রন্থাগারিক পদের নামকরণ গ্রন্থাগার শিক্ষক করার দাবীতে প্রতীকী অনশন




গত ১১ মার্চ ২০১৭ মহাবিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় কর্মরত গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদের নামকরণ যথাক্রমে গ্রন্থাগার প্রভাষক ও সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান) করার দাবীতে বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) ও বাংলাদেশ সহকারী গ্রন্থাগারিক সমিতির আহবানে সারা দেশের গ্রন্থাগারিক, গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্যবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী, শিক্ষক ও পেশাজীবী সংগঠনগুলো সম্মিলিতভাবে বেলা ১১টা থেকে ২টা পর্যন্ত কেন্দ্রিয় শহীদ মিনার, ঢাকায় প্রতীকী অনশন কর্মসূচি পালন করে।

বেলিডের চেয়ারম্যান ও রয়েল ইউনিভার্সিটি অব ঢাকার গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্যবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. মোঃ মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে এবং বাংলাদেশ সহকারী গ্রন্থাগারিক সমিতির সদস্য-সচিব এ এফ এম কামরুল হাসানের পরিচালনায় এ প্রতীকী অনশনে বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড), বাংলাদেশ সহকারী গ্রন্থাগারিক সমিতি, বাংলাদেশ কলেজ গ্রন্থাগার সমিতি, বাংলাদেশ সম্মিলিত গ্রন্থাগার পেশাজীবী জোট, বাংলাদেশ পিটিআই গ্রন্থাগার সমিতি, গ্রন্থাগার শিক্ষক পরিষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, রয়েল ইউনিভার্সিটি অব ঢাকার গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্যবিজ্ঞান বিভাগসহ সারা দেশের বিভাগীয় ও জেলা পর্যায়ের সহকারী গ্রন্থাগারিক সমিতি গুলো অংশগ্রহণ করে। এ কর্মসূচি থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক জারীকৃত ২২ ডিসেম্বর ২০১৬ তারিখের পরিপত্র (১লা জানুয়ারি ২০১৭ তারিখে গেজেটে প্রকাশিত) সংশোধন পূর্বক



গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিককে শিক্ষক হিসেবে স্বীকৃতি দিয়ে নতুন পরিপত্র জারীর দাবী জানানো হয়। গ্রন্থাগার পেশাজীবীদের এ দাবীর প্রতি সমর্থন জানিয়ে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এ্যাসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর-সহ গ্রন্থাগার পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ।

# Communication Skills for the 21st Century Library Professionals বিষয়ক ওয়ার্কসপ

বেলিড এবং ইস্টার্ন ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে গত ২৯ এপ্রিল ২০১৭ একদিন ব্যাপী Communication Skills for the 21st Century Library Professionals বিষয়ক ট্রেনিং ওয়ার্কসপ ইস্টার্ন ইউনিভার্সিটির সেমিনার কক্ষ এবং কম্পিউটার ল্যাবে অনুষ্ঠিত হয়। ফি বেইজড এই ট্রেনিং ওয়ার্কসপে দেশের ৩৯ জন গ্রন্থাগার ও তথ্য পেশাজীবী অংশ গ্রহণ করেন।



ওয়ার্কসপের প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন বেলিডের ভাইস চেয়ারম্যান হাজেরা রহমান, নির্বাহী সদস্য রেজিনা আক্তার এবং সদস্য মনিরুল ইসলাম।

ওয়ার্কসপের সমাপনী ও সনদপত্র প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. আব্দুর রব এবং বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হান্নান চৌধুরী। বেলিডের চেয়ারম্যান ড. মোঃ মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইস্টার্ন ইউনির্ভাসিটির রেজিস্ট্রার মোঃ আবুল বাশার খান, বেলিডের সাবেক চেয়ারম্যান ও ট্রেনিং কোর্ডিনেটর ড. মির্জা মোঃ রেজাউল ইসলাম, বেলিডের প্রতিষ্ঠাতা সদস্য মিনহাজ উদ্দিন আহাম্মদ, ইস্টার্ন ইউনিভার্সিটির ডেপুটি লাইব্রেরিয়ান জাহাঙ্গীর আলমসহ বেলিডের সদস্যবৃন্দ।